



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনু:/২০১৪/ ৮২৪৮

তারিখ : ০৫/০২/১৪

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : (ক) পত্র নং- ১৯২৬, তারিখ: ২০/০৭/২০১৪।

(খ) চেয়ারম্যান মহোদয়ের ২৫/০৮/২০১৪ তারিখে নথিতে অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে বোতলবুনিয়া স্কুল এণ্ড কলেজ, ডাকঘর : নন্দীপাড়া, উপজেলাঃ পটুয়াখালী সদর, জেলা: পটুয়াখালী -এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৪ হতে ৩০-০৬-২০১৬ খ্রি. পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা ৩০-০৬-২০১৬ তারিখ অতিক্রান্ত হবার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা ও বিষয় সমূহ

০১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

০২। নৈর্বাচনিক বিষয়

ক) মানবিক শাখা : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, সমাজ কর্ম এবং যুক্তিবিদ্যা।

শর্তাবলী :

- ১) প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করাতে হবে এবং শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
- ২) কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে
- ৩) জনবল কাঠামো ২০১০-এর বিধি মোতাবেক অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না
- ৪) টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ৫) গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ৬) জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাশ রুটিন অত্র বোর্ডে দাখিল করতে হবে
- ৭) সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ৮) শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে

০২-০২-২০১৪

ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

টেলিফোন- ০৪৩১-৬৪৭৪৫

অধ্যক্ষ

বোতলবুনিয়া স্কুল এণ্ড কলেজ

ডাকঘর : নন্দীপাড়া

উপজেলাঃ পটুয়াখালী সদর, জেলা: পটুয়াখালী

অনুলিপি প্রেরিত

২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৪. সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত), অত্র বোর্ড, বিজ্ঞপ্তিটি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
৫. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৬. সংক্ষণ নথি